

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হসপাতাল
বগুড়া সদর, বগুড়া।
Web: dls.sadar.bogra.gov.bd

স্মারক নং:- ৩৩.০১.১০২০.০০০.০৩.০০১.২০২১.৭০৮

তারিখ:- ১৫/১২/২০২১খ্রি।

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতায় “প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প” এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের অধীনে উপজেলা পর্যায়ে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বগুড়া সদর উপজেলায় ০১ (এক) জন কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নিয়োগ করা হবে। নিম্নের্বর্ণিত শর্তের ভিত্তিতে প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকালা, স্থায়ী ঠিকালা, পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি-২কপি, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, ধর্ম, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা, মোবাইল নাম্বার ও অভিজ্ঞতা (যদি থাকে) সম্বলিত তথ্যাদিসহ আগ্রহী প্রার্থীগণ “বরাবর, সভাপতি, কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নিয়োগ কমিটি” প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, বগুড়া সদর, বগুড়ার বরাবরে আবেদন পূর্বক আগামী ২৬/১২/২০২১খ্রি। তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমাদানের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী:

১. সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা, ন্যূনতম এসএসসি বা সমমান পাশ, কর্মঠ, উদ্যোগী এবং নেতৃত্বের গুণাবলী সম্পন্ন এলাকার সুপরিচিতি বেকার যুবক/যুব মহিলা হতে হবে।
২. বয়স ২০-৪৫ এর মধ্যে হতে হবে।
৩. নিজে গবাদিপশুর পালন ও ঘাস চাষে আগ্রহী এবং উপজেলায় থামারী পয়ায়ে অধিক উৎপাদনশীল উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে সম্প্রসারণ এজেন্ট হিসাবে সহযোগিতা প্রদানে আগ্রহী হতে হবে।
৪. উপজেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে উপজেলা সদরে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাসের ক্রয়-বিক্রয় কেন্দ্র বাজার স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে আগ্রহী হতে হবে।
৫. প্রকল্প বাস্তবায়ন সংযোগে সকল কার্যক্রম উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা মোতাবেক সম্পন্ন করতে আগ্রহী হতে হবে।
৬. অফিস সময়ে কর্মসূলে উপস্থিত থেকে প্রকল্প সংশ্লিষ্ট কাজ উপজেলার প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা অনুযায়ী করতে আগ্রহী হতে হবে।
৭. ডিপিপির সংস্থান মোতাবেক ভাতা/পারিশ্রমিকে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্পের নিয়ম-কানুন ও নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে ৩০০/- নন-জুড়িশিয়াল স্ট্যাম্পে চুক্তির মাধ্যমে প্রকল্প চলাকালীন সময়ের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) হিসাবে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সাথে সম্পৃক্ত হতে আগ্রহী হতে হবে।
৮. অধিদপ্তরাধীন চলমান উন্নয়ন প্রকল্পের কোন সুবিধাভোগীকে এ প্রকল্পের আওতায় সুরক্ষিতভাবে নির্বাচন করা যাবে না।
৯. আদালত কর্তৃক দোষী সাব্যস্ত অথবা অপ্রকৃত ব্যক্তিকে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) পদে অযোগ্য বলে বিবেচিত হবে।
১০. প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) এর উল্লেখিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনের মানসিকতা থাকতে হবে।
১১. আবেদন পত্রের সাথে পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি-২ কপি, শিক্ষাগত সনদের সত্যায়িত কপি, নাগরিক সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রে সত্যায়িত কপি, চারিত্রিক সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
১২. আবেদন পত্র জমাদানকারীদেরকে পরবর্তীতে পরীক্ষার তারিখ ও সময় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে হতে জানানো হবে।

(ষষ্ঠ মোঃ আব্দুর রাজ্জাক সামাদ)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
বগুড়া সদর, বগুড়া।

ও

সদস্য সচিব

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ
সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের
কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নিয়োগ কমিটি।

সদয় অবগতির জন্য অনুলিপি:-

- ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বগুড়া।
- ২। উপজেলা নির্বাচী অফিসার, বগুড়া সদর, বগুড়া।
- ৩। উপজেলা কৃষি অফিসার, বগুড়া সদর, বগুড়া।
- ৪। প্রকল্প পরিচালক, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৫। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
- ৬। অফিস কপি।